চুয়াডাঙ্গায় মানহীন খাবার দেওয়ায় -মেহমান হোটেল সিলগালা

বাংলাদেশী নাগরিক ভারতে চিকিৎসা সেবা ও অন্যান্য সেবা নিতে যেয়ে আটকে পরে ভারতে । তারই ধারাবাহিকতায় গত ১৭ ই মে থেকে আটকে পড়া বাংলাদেশী নাগরিক বাংলাদেশে আসতে শুরু করেন। তাদেরকে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা ও কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য চুয়াডাঙ্গায় বিভিন্ন স্থানে কোয়ারেন্টাইন সেন্টার খোলা হয়। চুয়াডাঙ্গার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) কোয়ারেন্টাইন সেন্টারে মানহীন খাবার সরবরাহের অভিযোগ উঠেছে। বুধবার রাতে ভাতের সাথে দেয়া মাছ থেকে পঁচা গন্ধ বের হলে শুরু হয় বিক্ষোভ। খবর পেয়ে সেখানে পৌঁছান করোনা নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মুনিরা পারভীন, পুলিশ কর্মকর্তারা।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, করোনা ভাইরাসের প্রকোপে বন্ধ ভারত-বাংলাদেশ সীমান্ত। এরমধ্যেও জরুরি চিকিৎসা নিতে বেনাপোল সীমান্ত দিয়ে স্থলপথে হাজার দেড়েক বাংলাদেশী বিশেষ ব্যবস্থায় ভারতে গিয়ে পড়ে বিপাকে। কারণ সেখানেও চলছে লকডাউন। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বিশেষ ব্যবস্থায় আটকেপড়া ওই বাংলাদেশি যাত্রীদের দেশে ফেরার ব্যবস্থা করে।

গত ১৭ মে থেকে চুয়াডাঙ্গার দর্শনাসহ দেশের ৩টি স্থলসীমান্ত ও চেকপোস্ট দিয়ে দেশে ফিরতে শুরু করেন বাংলাদেশীরা। তবে শর্ত মোতাবেক দেশে ফেরা সবাইকে বিশেষ কোয়ারেন্টিনে থাকতে হচ্ছে ১৪ দিন। সংশ্লিষ্ট জেলা প্রশাসন করছে গোটা বিষয়ের তত্ত্বাবধান। সেই অনুযায়ী চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত দিয়ে দেশে ফেরা প্রায় সাতশো মানুষ অবস্থান করছেন চুয়াডাঙ্গার চারটি সরকারি ভবন ও কয়েকটি আবাসিক হোটেলের অস্থায়ী কোয়ারেন্টিন সেন্টারে। এরমধ্যে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে রয়েছেন ১১৪ জন। এদের তিনবেলা খাবারের যোগান হচ্ছে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত তিনটি রেষ্টুরেন্ট থেকে। সরকারি নির্দেশনা অনুযায়ী থাকা খাওয়ার সব খরচ বহন করতে হচ্ছেন যাত্রীদের নিজেদেরকেই।

যাত্রীদের অভিযোগ যে মাছ খেতে দেয়া হয়েছে তা পঁচা দুর্গন্ধযুক্ত একদম খাওয়ার অনুপযোগী। গতকাল দুপুরের খাবার কোনো মতে খাওয়া

গেলেও রাতে ভাতের সাথে যে মাছ দিয়েছে তাতে ছিলো পঁচা গন্ধ।

কোয়ারেন্টিনে থাকা যাত্রীদের খাবারসহ ব্যবস্থাপনার দায়িত্বে থাকা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি) আমজাদ হোসেন জানান, মান যাচাই করে চুয়াডাঙ্গা শহরের তিনটি রেস্তোঁরাকে পর্যায়ক্রমে দেয়া হয়েছে সরবরাহের কাজ। তদারকিতে দুজন ম্যাজিস্ট্রেট থাকছেন। বড় বাজারের হোটেল আল আমিন, ভোজন বিলাস এবং মেহমান হোটেল থেকে যাচ্ছে তিনবেলার খাবার। গতরাতে ১০-১২ জন যাত্রী মাছের মান নিয়ে প্রশ্ন তুলেছেন।

অন্যরা কোনো অভিযোগ করেনি।তিনি আরও জানান, কোয়ারেন্টিনে থাকা বাংলাদেশী যাত্রীদের কাছ থেকে থাকা খাওয়া বাবদ জনপ্রতি ৫ হাজার টাকা জমা নেয়া হয়েছে। খাবার নিয়ে অভিযোগ ওঠায় এর আগে সরবরাহকারী হোটেল বদল করা হয়েছে। থাকা খাওয়াসহ যাত্রীদের দেখভালের বিষয়টির সাথে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের ভাবমূর্তি জড়িত। আজ থেকে খাবার সরবরাহ করবে রেডচিলি। বুধবার রাতের খাবার সরবরাহকারী মেহমান হোটেলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

এদিকে, আজ বৃহস্পতিবার দুপুরে কোয়ারেন্টাইন সেন্টারে নিম্নমানের খাবার পরিবেশন করায় হোটেল মেহমান সিলগালা করে জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত। জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক হাবিবুর রহমান অভিযান পরিচালনা করেন।

গাংনীতে স্ত্রীকে অপহরণের অভিযোগে স্বামী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে স্ত্রীকে অপহরণের অভিযোগে স্বামী আব্দুল মালেক(২৭) কে আটক করে পুলিশে সোপর্দ করেছেন স্থানীয় জনতা। বৃহষ্পতিবার দুপুরে এ অপহরণের ঘটনাটি ঘটে। তবে পুলিশ বলছে, যেহেতু স্বামী স্ত্রীর বিষয় সেহেতু দুজনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ধত আব্দুল মালেক ঝিনাইদহ জেলার মহেষপুর উপজেলার বাঘাডাঙ্গা গ্রামের মুছা খলিফার ছেলে।
স্থানীয়রা জানান, বামন্দী বাজারের একটি এনজিওর নারী কর্মী ফিল্ড

ওয়ার্ক করার জন্য বাইরে আসে।

এসময় আব্দুল মালেক ও তার খালাতো ভাই মেহেরপুর হোটেল বাজারের কাবিরুল ও রাকিবসহ ৪/৫ জন একটি মাইক্রো বাসে করে তুলে নেয়ার চেষ্টা করলে ওই নারী চিৎকার দেন। স্থানীয় লোকজন এসে আব্দুল মালেককে আটক করলেও পালিয়ে যায় তার সঙ্গীরা। পরে পুলিশ ক্যাম্পে খবর দিলে পুলিশের একটি টীম ওই নারী ও আব্দুল মালেককে থানায় নিয়ে আসে। ওই নারীর দাবী, তাকে অপহরণ করার চেষ্টা করছিল তারা।

ধৃত আব্দুল মালেক দাবী করেন, তারা দুজনেই স্বামী-স্ত্রী। কয়েক মাস যাবদ তাদের মাঝে মতবিরোধ চলছে। স্ত্রীকে নিজের কাছে নিয়ে যেতেই চাইছেন তিনি। এদিকে ওই নারী স্বামী স্ত্রীর বিষয়টি স্বীকার করলেও দুজনের মধ্যে সম্পর্কের টানাপোড়েন বলে দাবী করেন এবং আব্দুল মালেক ও তার সঙ্গীরা প্রতিনিয়ত হত্যার হুমকী দিয়ে আসছে বলেও জানান।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, তাদের দুজনের সম্পর্কের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। সেই সাথে ওই ছেলের বিরুদ্ধে অন্য কোন অভিযোগ রয়েছে কিনা তাও যাচাই করা হচ্ছে। তাছাড়া স্ত্রী কোন অভিযোগ দিলে তা আইনানুসারে ব্যবস্থা নেয়া হবে।

কীড্স অল অ্যালায়েন্স বাস্তবায়ন উপলক্ষ্যে গাংনীতে মতবিনিময় সভা অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী কর্তৃক প্রাথমিক শিক্ষার্থীদের জন্য কীড্স অল অ্যালায়েন্স বাস্তবায়ন উপলক্ষ্যে মতবিনিময় সভা করেছে মেহেরপুরের গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। আজ বৃহষ্পতিবার বেলা ১১ টার দিকে গাংনী উপজেলা অডিটরিয়ামে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথী ছিলেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান

খোকন।

গাংনী উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দীনের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন, সেবা ডিজিটাল লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক তোফাজ্জেল হোসেন মোল্লা। বিশেষ অতিথী ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, উপজেলা নির্বাহী অফিসার মৌসূমী খানম, গাংনী পৌরমেয়র আহম্মেদ আলী ও উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।

প্রধান আলোচক তোফাজ্জেল হোসেন মোল্লা বলেন, কীড্স এর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষার্থীদের মাথাপিছু একহাজার টাকা প্রদান করবেন। আর এ প্রকল্প বাস্তবাস্তবায়নে উদ্বৃত্ত খরচাদি করবেন প্রকল্প বাস্তবায়ন সংস্থা সেবা ডিজিটাল লিমিটেড।

গাংনীতে ১০ টি ধর্মীয় প্রতিষ্ঠানকে চেক প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলার ১০ টি ধর্মীয় প্রতিষ্ঠানকে তিন লাখ টাকার চেক প্রদান করা হয়েছে। আজ বৃহষ্পতিবার সকালে মেহেরপুর-২(গাংনী) আসনের সাংসদ সাহিদুজ্জামান খোকন স্ব স্ব প্রতিষ্ঠানের সভাপতি সম্পাদককে এ চেক প্রদান করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে এ চেক প্রদানকালে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমসহ সরকারী অফিসের কর্মকর্তাবৃন্দ।

ধর্মীয় প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে পাঁচটি মসজিদ ও পাঁচটি মন্দির। ধর্ম মন্ত্রণালয়ের দেয়া এ অনুদান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন সাংসদ সাহিদুজ্জামান।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সংস্কার কাজে অনিয়মের অভিযোগ

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন ভবনের সংস্কার কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। নিম্ন মানের সামগ্রী ব্যবহার করায় কাজ বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন গাংনী আসনের সাংসদ সাহিদুজ্জামান খোকন। আজ বুধবার দুপুরে তিনি সরেজমিনে সংস্কার কাজ পরিদর্শনে যান।

জানা গেছে, বছর পাচেক আগে স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন ভবনটি বসবাসের অযোগ্য হয়ে পড়লে নতুন ভবনের স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম শুরু হয়। তার পরও স্থান সাংকুলান না হওয়ায় করোনা আইসোলেশন ওয়ার্ড ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ভবনটিতে চলতে থাকে। ইতোমধ্যে স্বাস্থ্য প্রকৌশলী (হীড) পুরাতন ভবনটি সংস্কারের উদ্যোগ নেন। সে অনুযায়ি চলতি বছরের ফেব্রুয়ারী মাসে পুরাতন ভবন সংস্কার বাবদ বরাদ্দ দেয় ৩৫ লাখ ৭২ হাজার ৩১১ টাকা। কাজ শুরু হয় ২৯ এপ্রিল। নিয়োগকৃত ঠিকাদারী প্রতিষ্ঠান খুলনার দৌলতপুরের রাজীব মোর্টস সংস্কার কাজটি বাস্তবায়ন করছে।

নিয়মানুযায়ি এ গ্রেডের টাইল্স, ফ্রেশ সিমেন্ট ও ১.৫ এফএম বালু ব্যবহার করতে হবে দরপত্রের কার্যাদেশ অনুযায়ী।
স্থানীয়দের অভিযোগ, কার্যাদেশ উপেক্ষা করে সংস্কার কাজে ব্যবহার করা হচ্ছে নিম্নমানের এসব সামগ্রী। তাছাড়া বালু ও সিমেন্টের সংমিশ্রণ সঠিক মাত্রায় করা হচ্ছে না। এসব অভিযোগের প্রেক্ষিতে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন পরিদর্শন করেন। নিম্নমানের সামগ্রী ব্যবহার ও অনিয়ম পরিলক্ষিত হওয়ায় কাজ সাময়িকভাবে বন্ধ করা হয়েছে বলে জানান এমপি। পরিদর্শনের সময় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আহম্মেদ রায়হান শরীফ ও হাসপাতালের অন্যান্যা কর্মকর্তাবৃন্দ। তবে কাজের সাইডে ঠিকাদারী প্রতিষ্ঠানের দায়িত্বশীল কাউকে পাওয়া যায়নি। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কেউ উপস্থিত ছিলেন না। ঠিকদারী প্রতিষ্ঠান শ্রমিক দিয়ে ইচ্ছেমত সংস্কার কাজ চালিয়ে যাচ্ছে। তদারকির কেউ উপস্থিত না থাকায় নিম্নমানের এসব সামগ্রী ব্যবহার করছে খুব সহজেই।

ঠিকাদরী প্রতিষ্ঠানের সাথে মোবাইলে যোগাযোগের জন্য একাধিকবার যোগাযোগ করা হলে তিনি রিসিভ করেনি।
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ সহকারি প্রকৌশলী হাসান আল মামুনের মোবাইলে কল দিয়ে অনিয়মের বিষয়টি জানতে চান সাংবাদিকরা। কাজের প্রাক্কলিত ব্যায়সহ দরপত্রের কোন তথ্য নেই বলে কৌশলে এড়িয়ে যান তিনি। পরে তিনি জানান, কাজে অনিয়ম হচেছনা যদি অনিয়ম হয় তবে এমপি সাহেবের সাথে বলে আলোচনার মাধ্যমে তা সমাধান করা হবে।

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহাকারি প্রকৌশলী মাহমুদ আলমের সাথে যোগাযোগ করলে তিনি বলেন, আমি জরুরী মিটিংয়ে আছি পরে কথা হবে।

এ প্রসঙ্গে মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, এমপি বলেন, ঠিকাদারী প্রতিষ্ঠান কাজের শুরু থেকে এ পর্যন্ত বিভিন্নভাবে অনিয়ম করে আসছে। বালু, টাইলস থেকে শুরু করে প্রায় সব উপকরণ নিম্নমানের। নিম্নমানের সাগ্রমী কোনভাবেই গ্রহণযোগ্য না। তাই এ অনিয়মের সাথে যারা জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে দায়িত্বশীল দপ্তরে নির্দেশ দেওয়া হয়েছে।

মেহেরপুরে গত ১০দিনে আক্রান্ত ৫৯ জন

মেহেরপুরে করোনা ভাইরাসের প্রকোপ বেড়েই চলেছে। গত ১০ দিনে নতুন করে ৫৯ জন আক্রান্ত হওয়ায় আতঙ্ক শুরু হয়েছে। এর মধ্যে করোনা আক্রান্ত এক বৃদ্ধা মারা গেছেন।

তবে স্বাস্থ্য বিভাগ বলছে ঈদের ছুটিতে বিভিন্ন স্থান থেকে মানুষ আসায় মাইগ্রেন্ট এর কারণে করোনা কিছুটা বেড়েছে।
জেলা সিভিল সার্জন অফিস থেকে জানা গেছে, গত ১৪ মার্চ থেকে গত ২৫ পর্যন্ত মেহেরপুর জেলায় ২২১ জন করোনায় আক্রান্ত হয়েছেন। গত ১০ দিন অর্থাৎ ১৬ মে থেকে ২৫ মে পর্যন্ত আক্রান্ত সর্বোচ্চ ৫৯ জন।

এর মধ্যে ১৬ মে ৪জন, ১৭ মে ৭ জন, ১৮ মে ৩ জন, ১৯ মে ৫ জন, ২০ মে

৬ জন, ২১ মে ৪ জন, ২২ মে ৪ জন, ২৩ মে ১৪ জন,২৪ মে ৬ জন এবং ২৫ মে ৬ জন আক্রান্ত হয়েছেন।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, ঈদের সময় বিভিন্ন স্থান থেকে মানুষ মেহেরপুরে আসায় কিছুটা আক্রান্তের হার বেড়েছে। এদের অধিকাংশ মাইগ্রেন্ট। তবে জেলা স্বাস্থ্যবিভাগ সব সময় স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য মানুষজনকে সতর্ক করে আসছে।

বামন্দীতে সড়ক দুর্ঘটনায় চালকসহ আহত-৩

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে চালকসহ তিনজন আহত হয়েছে। বুধবার দুপুরে এ সড়ক দুর্ঘটনা ঘটে।
আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেরার খোকসা গ্রামের আবু হোসেনের ছেলে মাহাবুল (৩৫), ফজলুল মুনসির ছেলে ট্রাক চালক আবু জাফর (২৬), শরিফুল ইসলামের ছেলে মিল্টন (২০)।

স্থানীয়রা জানান, বামন্দী জামান ফিলিং স্টেশনের সামনে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে। মেহেরপুর থেকে একটি আম বোঝাই ট্রাক কুষ্টিয়ার দিকে যাচ্ছিল। ট্রাকটি বামন্দী জামান ফিলিং স্টেশনের সামনে পৌছালে বিপরীত দিক থেকে আসা অপর একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় আম ব্যবসায়ী,ট্রাক চালক ও হেলাপার আহত হয়। আহতদের উদ্ধার করে স্থানীয় ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। আবু জাফরের অবস্থা অবনতি দেখে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজে হাসপাতালে রেফার্ড করা হয়।

হেল্পার মিল্টন জানান, মেহেরপুর থেকে কুষ্টিয়ায় যাওয়ার পথে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক এসে ধাক্কা দিলে আমাদের গাড়িটি দুমড়ে-মুচড়ে যায়।এবং ঐ গাড়ির চালক ও হেলপার পালিয়ে যায়।

আলফালা ডায়াগনস্টিক সেন্টারের ডাক্তার মোঃ মিজানুর রহমান

জানান,আবু জাফর অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজের ফার্স্ট করা হয়।
বামন্দী ক্যাম্প ইনচার্জ আবুল খায়ের জানান, ঘটনাস্থলে গিয়ে গাড়ি জব্দ করে পুলিশি হেফাজতে নেওয়া হয়েছে। বিপরীত দিক থেকে আসা গাড়িটি ধাক্কা মেরে ড্রাইভারসহ দু’জন পালিয়েছে।

ভারত ফেরত ৮২ জন মেহেরপুরে কোয়ারেন্টাইনে

ভারত থেকে আগত ৮২ জন বাংলাদেশীদের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন করা হয়েছে মেহেরপুরে। বুধবার পর্যন্ত দর্শনা হয়ে ভারতে থেকে মোট ৮২ জন বাংলাদেশিকে পুলিশ প্রহরায় মেহেরপুরে নেওয়া হয়।

মেহেরপুর যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র এবং টিটিসিতে এ ৮২জনকে রাখা হয়েছে। প্রথম দফায় ১৮ জন, দ্বিতীয় দফায় ৩৩ জন এবং তৃতীয় দফায় ৩১জন বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের ভারত ফেরত নাগরিককে এখানে আনা হয়েছে। আগামী ১৪ দিন তারা মেহেরপুরে অবস্থান করবেন।

ভারত সীমান্ত পার হওয়ার সময় তাদের সোয়াব পরীক্ষা করা হয়েছে। যাদের রিপোর্ট নেগেটিভ হয়েছে তাদেরকে কেবল মেহেরপুরে নেওয়া হয়েছে। ভারত ফেরত সকল বাংলাদেশীদের দেখভালের দায়িত্বে রয়েছেন মেহেরপুর জেলা প্রশাসন। সার্বিক বিষয়টি তদারকি করছেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম।

মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম জানান, ভারত থেকে আগত বাংলাদেশীদের নিয়ম মেনে তিনবেলা খাবার সরবরাহ করা সহ স্বাস্থ্যর বিষয়টিও নিশ্চিত করা হয়েছে। আগত ব্যক্তিদের মধ্যে মেহেরপুরের কোন ভারত ফেরত নেই বলে তিনি জানান।

সাংবাদিক কন্যা ইফার ইন্তেকাল

কুষ্টিয়ার কৃতি সন্তান, জাতীয় প্রেস ক্লাব এবং ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) স্থায়ী সদস্য ও দৈনিক দিনকালের সিনিয়র রিপোর্টার ও চলচ্চিত্র গবেষক আবদুল্লাহ জেয়াদের কন্যা তাবাসসুম নাহার ইফা ইন্তেকাল করেছে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। দুই সপ্তাহ আইসিইউতে থাকার পর বুধবার রাত ২টায় ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতালে মারা যায় ইফা।

তার বয়স হয়েছিল ১৩ বছর। দুই ভাই-বোনের মধ্যে সে ছোট ছিল। সে রাজধানীর মনিপুর স্কুল অ্যান্ড কলেজের ৮ম শ্রেণির ছাত্রী ছিল সে।

বুধবার সকাল ১১টায় কুষ্টিয়া সদর উপজেলার উজানগ্রামে জানাযা নামাজ শেষে ইফার দাফন সম্পন্ন হয়েছে।

পারিবারিক সূত্রে জানা গেছে, এক মাস আগে মস্তিষ্কে যক্ষ্মা (টিবি) রোগ ধরা পড়ে ইফার। এরপর মস্তিষ্কে পানি জমে যায়।

আবদুল্লাহ জেয়াদের কন্যা তাবাসসুম নাহার ইফার অকাল মৃত্যুতে সাংবাদিক সংগঠন গভীর শোক প্রকাশ করেছেন।

শোক বার্তায় নেতৃবৃন্দ বলেন, ফুলের মত ফুটফুটে শিশুটির এভাবে চলে যাওয়া খুবই বেদনাদায়ক। মা-বাবাসহ পরিবারের জন্য কতটা কষ্টের তা ভুক্তভোগী ছাড়া বোঝা কঠিন। আল্লাহ তাদের ধৈর্য ধারণের শক্তি দিন। নেতৃবৃন্দ মরহুমার রুহের মাগফিরাত কামনা এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

গাংনীর ভাটপাড়া গ্রামে ঘরের তালা ভেঙে অটোরিকশা চুরি

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে নাজমুল হোসেন নামের এক ব্যক্তির ঘরের তালা ভেঙে অটোরিক্সা চুরি হয়েছে ।
মঙ্গলবার মধ্য রাতের কোনো এক সময় দুর্বৃত্তরা তালা ভেঙে

অটোরিকশা চুরি করে নিয়ে যাই। অটোরিকশা মালিক নাজমুল হোসেন ভাটপাড়া গ্রামের আনারুল চৌধুরীর ছেলে।

অটোরিকশা মালিক নাজমুল হোসেন জানান, প্রতিদিন সকালে অটো রিক্সা নিয়ে বের হয়ে সন্ধ্যার পর বাড়ি ফিরে অটোরিকশার তালা লাগানো হয়।আজকেও রাতে অটোরিকশা তালা লাগানোর পর বাড়ির গেটে তালা লাগিয়ে ছিলাম। বুধবার সকালে ঘুম থেকে জেগে উঠে দেখি বাড়িতে অটোরিকশা নেই। বসত বাড়ির গেটে তালা ভাঙ্গা। অনেক খোঁজাখুঁজি করেও অটোরিক্সার সন্ধান মেলেনি। অটোরিক্সার চুরির বিষয়টি নিশ্চিত হওয়ার পর পরিবারকে অসহায় হয়ে পড়েছে।

গ্রামবাসীরা জানান, ভাটপাড়া গ্রামের মাঝেমধ্যেই অটো রিক্সা, ভ্যান, ছাগল, সাইকেলসহ বিভিন্ন জিনিসপত্র চুরির ঘটনা ঘটতেই আছে। প্রতিনিয়ত চুরির ঘটনা ঘটায় গ্রামটিতে চুরির আতঙ্ক বিরাজ করছে । প্রশাসনের তৎপরতা বৃদ্ধি না করা হলে গ্রামে চুরির ঘটনা আরো বাড়বে বলে বলে মনে করেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, চুরির ঘটনা কেউ জানায়নি। লিখিত ভাবে জানালে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।